দৈনিক ইত্তেফাক

তারিখ 29 DEC 1997
পৃষ্ঠা ১ কলাম ৬

121



সভাপতি প্রফেসর ইউসুফ হায়দার, সাধারণ সম্পাদক প্রফেসর হোসেন মনসুর

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন

# নীল দলের ৮টি ও সাদা দলের ৭টি পদ লাভ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গতকাল (রবিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে আওয়ামী লীগ সমর্থক শিক্ষকদের নীল দল সংখ্যাগরিষ্ঠতা লাভ করিয়াছে। সমিতির কার্যকর পরিষদের ১৫টি পদের মধ্যে সাধারণ সম্পাদক ও সহসভাপতিসহ ৮টি পদে তাহারা জয়লাভ করিয়াছেন। সভাপতি, কোষাধ্যক্ষ ও যুগ্ম-সম্পাদকসহ বাকী ৭টি পদে বিজয়ী হইয়াছেন বিএনপি সমর্থক (২য় পৃঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃষ্ঠার পর)

শিক্ষকদের 'সাদা দল'। সভাপতি ও সাধারণ সম্পাদক পদে জয়-পরাজয়ের সুরাহা হইয়াছে মাত্র ৪ ভোটের ব্যবধানে। সভাপতি পদে সাদা দলের পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ও সূর্যসেন হলের প্রভোষ্ট ডঃ আ, ফ, ম ইউসুফ হায়দার ৪৪৪ ভোটে জয়ী হইয়াছেন। তাহার প্রতিদ্বন্দ্বী নীল দলের বর্তমান সভাপতি রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ডঃ এম, মোস্তফা চৌধুরী পাইয়াছেন ৪৪০ ভোট। সাধারণ সম্পাদক পদে বর্তমান সাধারণ সম্পাদক নীল দলের ভূতত্ত্ব বিভাগের অধ্যাপক ডঃ হোসেন মনসুর ৪৪৩ ভোট পাইয়া নির্বাচিত হইয়াছেন। তাহার প্রতিদ্বন্দ্বী সাদা দলের মনোবিজ্ঞান বিভাগের ডঃ নজরুল ইসলাম ৪৩৯ ভোট পাইয়াছেন। নীল দল হইতে অন্যান্য পদে বিজয়ীরা হইলেন সহসভাপতি পদার্থ বিজ্ঞানের ডঃ আর আই এম আমিনুর রশীদ (৪৭৩), সদস্য পদে ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক আব্দুল মান্নান চৌধুরী (৪৮৯), ইতিহাসের ডঃ এবিএম মাহমুদ (৪৬০), মৃত্তিকা বিজ্ঞানের ডঃ ইনামুল হক (৪৫৯), শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউটের কাজী আফরোজ জাহান আরা, প্রাণীবিদ্যার অধ্যাপক এম শাহাদত আলী (৫২১) এবং প্রাণ রসায়নের অধ্যাপক ডঃ হারুন কাদের এম ইউসুফ (৪৭৯)।

সাদা দল হইতে নির্বাচিতরা হইলেন ঃ কোষাধ্যক্ষ পদে আইবিএর অধ্যাপক ডঃ রহিম বি. তালুকদার (৪৪৮), যুগ্ম সম্পাদক পদে প্রাণ রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ ইয়ারুল কবির (৪৭২), সদস্য পদে বাংলা বিভাগের ডঃ আবুল কালাম মনজুর মোরশেদ (৪২৮), উদ্ভিদ বিজ্ঞানে ডঃ এ কে এম নজরুল ইসলাম (৪৩০), অণুজীব বিজ্ঞানের ডঃ এ কে এম সিরাজুল ইসলাম খান (৪৮১) এবং প্রাণ রসায়ন বিভাগের চেয়ারম্যান ডঃ মোঃ খলিলুর রহমান (৪২৭)।

গতকাল সকাল ১০টা হইতে বিরামহীনভাবে ব্যাপক উদ্দীপনার মধ্যে অপরাহ্ণ ২টা পর্যন্ত ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। নির্বাচনে বিশ্ববিদ্যালয়ের ১১৬১ জন ভোটার শিক্ষকের মধ্যে ৯০৮ জন ভোট প্রদান করেন।

উল্লেখ্য, গত নির্বাচনে সমিতির ১৫টি পদের মধ্যে নীল দল ১৩টিতে বিজয়ী হইয়াছিল। সাদা দল যুগ্ম-সম্পাদক ও একটি সদস্য পদ পাইয়াছিল। গতকাল অনুষ্ঠিত এই নির্বাচনে জামায়াত সমর্থক অপর 'সাদা দল' বিএনপি সমর্থক সাদা দলকে সমর্থন দেয়। বামপন্থী ও নিরপেক্ষতার দাবীদার গোলাপী দলের শিক্ষকরা ভাগাভাগি করিয়া সাদা ও নীলকে ভোট দেয়। গতকাল নির্বাচনে সর্বাধিক ভোট পাইয়াছেন নীল দলের প্রফেসর এম শাহাদত আলী। তিনি ৫২১ ভোট পাইয়াছেন।

ফলাফল ঘোষণার পর সভাপতি ডঃ ইউসুফ হায়দার তাহার প্রতিক্রিয়া ব্যক্ত করিয়া বলেন, শিক্ষকদের পরিবর্তিত মতামতে দলীয়করণের বিরুদ্ধে ভূমিকা রাখিবে। বিশ্ববিদ্যালয়ের হৃত গৌরব ফিরাইয়া আনিতে আমরা কাজ করিব।